



## জনসংযোগ কার্যালয়

### জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ  
ফোন: ৭৭৯১০৮৫-৫১, ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২  
ওয়েবসাইট: [www.juniv.edu](http://www.juniv.edu)



## প্রেস বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

### জীববিজ্ঞান অনুষদভূক্ত ‘ডি’ ইউনিটের মধ্যদিয়ে ভর্তি পরীক্ষা শুরু

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ০৯ নভেম্বর ২০২১।

আজ ৯ নভেম্বর জীববিজ্ঞান অনুষদভূক্ত ‘ডি’ ইউনিটের মধ্যদিয়ে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ২০২০-২০২১ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ স্নাতক (সমান) শ্রেণির ভর্তি পরীক্ষা শুরু হয়েছে। আগামীকাল ১০ নভেম্বর ‘ডি’ ইউনিটের ভর্তি পরীক্ষা শেষ হবে। ‘ডি’ ইউনিটের আসন সংখ্যা ৩২০টি। এরমধ্যে ছাত্র ১৬০ এবং ছাত্রীদের জন্যও ১৬০। ‘ডি’ ইউনিটে আবেদনকারীর সংখ্যা ৬৯২২৬ জন।

আজ ভর্তি পরীক্ষার প্রথম দিনে দুপুরে উপাচার্য অধ্যাপক ড. ফারজানা ইসলাম অনলাইনে যুক্ত হয়ে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের শুভেচ্ছা ও অভিনন্দন জানান। এ সময় উপাচার্য বলেন, মহামারি করোনাকালে ভর্তি পরীক্ষা নেয়ার স্বাস্থ্য ঝুঁকি নেয়া হয়নি। এখন করোনায় আক্রান্তের সংখ্যা অনেক কমে গেছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ স্বাস্থ্যবিধি ও সুরক্ষা নিশ্চিত করে বর্তমানে পরীক্ষা গ্রহণ করছে। স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষার হলে প্রবেশের সুবিধার্থে এক শিফটের পরীক্ষার পর মাঝাখানে লম্বা সময় ফাঁকা রাখা হয়েছে। সুষ্ঠু ও সুন্দরভাবে পরীক্ষা দিয়ে ভর্তিচ্ছু শিক্ষার্থীরা সুস্থিতভাবে বাড়ি ফিরে যাবে বলে কর্তৃপক্ষ আশা করছে। উপাচার্য তাঁর অভিযোগ্যতি প্রকাশকালে আরও বলেন, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় প্রশাসন স্বাতন্ত্র্য ধারায় মেধা যাচাই করে শিক্ষার্থী ভর্তি করে থাকে। এবারের ভর্তি পরীক্ষায় সেই ধারাবাহিকতা রক্ষা করা হয়েছে। উপাচার্য বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অনুমোদন সাপেক্ষে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে চলমান উন্নয়ন প্রকল্পের আওতায় ৬টি নতুন আবাসিক হল নির্মাণের শেষ পর্যায়ে রয়েছে। এই ৬টি হলের নির্মাণ কাজ সম্পন্ন হলে শিক্ষার্থীদের মেধা বিকাশের আরও বেশি সুযোগ সৃষ্টি হবে। বিশ্ববিদ্যালয় থেকে গণরূপ উঠে যাবে। সরকার কর্তৃক বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন প্রকল্প অনুমোদন এবং অর্থ বরাদ্দ দেয়ায় মাননীয় প্রধানমন্ত্রীর প্রতি উপাচার্য গভীর কৃতজ্ঞতা প্রকাশ করেন।

এরআগে সকালে প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মো. নূরুল আলম, প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক শেখ মো. মনজুরুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. রাশেদা আখতার, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার রহিমা কানিজ, ভারপ্রাপ্ত প্রষ্ঠের আ.স.ম ফিরোজ-উল-হাসান বিভিন্ন কেন্দ্রে ভর্তি পরীক্ষা পরিদর্শন করেন।

ভর্তি পরীক্ষার বিস্তারিত তথ্য [www.juniv-admission.org](http://www.juniv-admission.org) ওয়েব সাইট থেকে জানা যাচ্ছে।

মোহাম্মদ মহিউদ্দিন, পিএইচ.ডি  
পরিচালক (ভারপ্রাপ্ত)